# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৩৮৬

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৪১. উভয়ের লজ্জাস্থান একত্রে মিলিত হলে গোসল ওয়াজিব হবে, যদিও বীর্যপাত না হয়

بَابٌ فِي وُجُوبِ الْغُسْلِ بِالْتِقَاءِ الْخِتَانَيْنِ وَإِنْ لَمْ يُنْزِلْ

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرٍ النَّيْسَابُورِيُّ ، نَا الْعَبَّاسُ بْنُ الْوَلِيدِ بْنِ مَزْيَدٍ أَخْبَرَنِي أَبِي ، قَالَ : سَمِعْتُ الْأَوْزَاعِيَّ ، قَالَ : حَدَّثَنِي عَبْدُ الرَّحْمَنِ بْنُ الْقَاسِمِ بْنِ مُحَمَّدِ بْنِ أَبِي بَكْرٍ ، عَنْ أَبِيهِ ، عَنْ عَائِشَةَ ؛ أَنَّهَا سُئِلَتْ ، عَنِ الرَّجُلِ يُجَامِعُ الْمَرْأَةَ وَلَا يُنْزِلُ الْمَاءَ ، قَالَتْ : " فَعَلْتُهُ أَنَا وَرَسُولُ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ ، فَاغْتَسَلْنَا مِنْهُ جَمِيعًا " . رَفَعَهُ الْوَلِيدُ بْنُ مُسْلِمٍ ، وَالْوَلِيدُ بْنُ مَزْيَدٍ ، وَرَوَاهُ بِشْرُ بْنُ بَكْرٍ ، وَأَبُو الْمُغِيرَةِ ، وَعَمْرُو بْنُ أَبِي سَلَمَةَ ، وَمُحَمَّدُ بْنُ كَثِيرٍ الْمِصِّيصِيُّ ، وَمُحَمَّدُ بْنُ مُصْعَبٍ ، وَغَيْرُهُمْ مَوْقُوفًا

বাংলা

৩৮৬(২). আবু বাকর আন-নায়সাপুরী (রহঃ) ... আয়েশা (রাঃ) থেকে বর্ণিত। তার নিকট জিজ্ঞেস করা হলো, এক ব্যক্তি স্ত্রীর সাথে সহবাস করেছে কিন্তু বীর্যপাত হয়নি। তিনি বলেন, আমি ও রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এরূপ করেছি, অতঃপর আমরা উভয়ে এ কারণে গোসল করেছি।

আল-ওয়ালীদ ইবনে মুসলিম (রহঃ) ও আল-ওয়ালীদ ইবনে মাযীদ (রহঃ) এই হাদীস মারফুরূপে বর্ণনা করেছেন। কিন্তু বিশর ইবনে বাকর, আবুল মুগীরা, আমর ইবনে আবু সালামা, মুহাম্মাদ ইবনে কাছীর, মুহাম্মাদ ইবনে মুসআব (রহঃ) প্রমুখ এই হাদীস মাওকুফরূপে বর্ণনা করেছেন।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80175

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন